

## ঢাকা মেডিক্যাল কলেজে ছাত্রদল ছাত্রলীগ সংঘর্ষে ২০ ছাত্র আহত

যাযাদি রিপোর্ট

ঢাকা মেডিক্যাল কলেজের ডা. ফজলে রাকী হলে গতকাল ভুজ্ছ ঘটনাকে কেন্দ্র করে তুলকালাম ঘটেছে। এ সময় ভাংচুর, মারধরের ঘটনাও ঘটে। ছাত্রদল কর্মীদের হামলায় কমপক্ষে ২০ ছাত্রলীগ কর্মী আহত হয়েছে। তাদের মধ্যে ১৩ জনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ছাত্রদল কর্মীরা হলের ১৩টি রুমে ভাংচুর চালায়। গতকাল সকাল থেকে শুরু হয়ে দুপুর পর্যন্ত চলার পর পুলিশ ও র‍্যাব ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এ ঘটনার সূষ্ঠ মীমাংসার জন্য ঢাকা মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ উদ্যোগ নিয়েছে বলে জানা গেছে।

আইতরা হলেন তৃতীয় বর্ষের ছাত্র মারজুর (২২), প্রিতম (২৩), চতুর্থ বর্ষের রাসেল (২২), বনি (২৪), ফাইনাল ইয়ারের রাজীব (২৫), সাউদ (২৬), দ্বিতীয় বর্ষের শুভ (২৩), লোটাস (২২), ভায়েব (২২), চয়ন (২২), অভিজিৎ (২২), হিমেল (২২) ও গৌতম (২২)।

জানা গেছে, বৃহস্পতিবার রাতে ৬৫ ব্যাচের ছাত্ররা ফজলে রাকী হলের অডিটরিয়ামে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানটি সবার জন্য উন্মুক্ত ছিল। রাতে অনুষ্ঠান চলার এক পর্যায়ে ছাত্রদল

নেতা সুমন, অংকন, জ্যোতিসহ কয়েক কর্মী অনুষ্ঠানস্থলে যায় এবং চেয়ারে বসে। এ সময় সেখানে উপস্থিত ছাত্রলীগ কর্মীরা এসে তাদের বাধা দিলে উভয় পক্ষের মধ্যে উত্তপ্ত বাক্য-বিনিময় হয়। কিছুক্ষণ পর সুমনসহ অন্যরা অনুষ্ঠানস্থল ছেড়ে যায়। এ ঘটনার জের ধরে পরিস্থিতি উত্তপ্ত হতে থাকে।

রাতেই বিষয়টি মীমাংসার জন্য ছাত্রলীগ সাধারণ সম্পাদক রাজীবের নেতৃত্বে আলোচনার প্রস্তাব দেয়া হয়। ছাত্রদলের নেতারাও এতে রাজি হন। সকালে এ মিটিং হওয়ার কথা ছিল।

ছাত্রলীগ কর্মীরা অভিযোগ করে, গতকাল সকাল ১০টায় ছাত্রদল নেতা শাকিল, সুমন, এহসান, শোভন ও রিফাতসহ ২০-২৫ জন কর্মী ওই হলের ১৩টি রুমের বাইরে থেকে তালা লাগিয়ে দেয়। ভেতরের ছাত্ররা এ সময় ঘুমিয়ে ছিল। সকাল পৌনে ১১টায় ছাত্রদল কর্মীরা প্রতিটি রুমের তাল খুলে হামলা চালায়। তারা ১০৫, ১০৮, ১০৯, ১১২, ১১৩, ১২৬, ১২৭, ১৩২, ২০৫ নাম্বার রুমসহ ১৩টি রুমে অবস্থানরত ছাত্রদের হকিস্টিক, লোহার রড ও লাঠিসোটা দিয়ে এলোপাতাড়ি মারধর করে। খবর পেয়ে পুলিশ ও র‍্যাব ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আহতদের উদ্ধার করে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।